শেখ হাসিনার উদ্যোগ

মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি
মস্তফাপুর, মাদারীপুর।
মোবাইলঃ ০১৭৬৯-৪০০০৪৫, ই-মেইল- gm.madaripurpbs@yahoo.com
ওয়েব সাইটঃ pbs.madaripur.gov.bd

স্মারক নং-২৭.১২.৫৪৫৪.৫২৭.০২.০০৮.২১-

তারিখঃ ০৬ পৌষ ১৪২৮ বঃ
২১ ডিসেম্বর ২০২১ খ্রিঃ

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মুস্তফাপুর, মাদারীপুর এর নিম্নোক্ত ডাটা এন্ট্রি এর শূন্য পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্ত প্রকৃত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে জেনারেল ম্যানেজার, মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মুস্তফাপুর, মাদারীপুর বরাবর আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল | পদের সংখ্যা | প্রার্থীর যোগ্যতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|---|
| ০১। | ডাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সংরক্ষিত) | পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৮,৩০০.০০ হতে ৩২,৭৪০.০০ এবং নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | ০৩ টি (কম বেশী হতে পারে) | (ক) এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ অথবা জিপিএ ৫.০০ এর মধ্যে জিপিএ ন্যূনতম ২.০০ থাকতে হবে।<br>(খ) কম্পিউটারে বাংলা ও ইংরেজীতে টাইপিং গতি প্রতি মিনিটে যথাক্রমে ন্যূনতম ২০ (বিশ) শব্দ ও ৩০ (ত্রিশ) শব্দ তৈরীতে সক্ষম হতে হবে। ওয়ার্ড প্রসেসিংসহ কম্পিউটার ও অফিস যন্ত্রপাতি পরিচালনায় দক্ষতা ও এর উপর পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>(গ) বাংলা ও ইংরেজী ব্যাকরনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। বানান, উচ্চারণ, বাক্য গঠন, শব্দ তৈরী সম্পর্কে সঠিক ধারণা থাকতে হবে।<br>(ঘ) পরিচ্ছন্ন ও গোছানো কাজের সক্ষমতা থাকতে হবে।<br>(ঙ) ফাইলিং পদ্ধতি, পত্র যোগাযোগ, তথ্য ও ফাইল ডাটা সম্বন্ধে যথাযথ জ্ঞান থাকা আবশ্যক।<br>(চ) ওয়ার্ড প্রসেসিং এন্ড প্রিন্টিং ও কম্পিউটার বিষয়ে মৌলিক জ্ঞান সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। | বাগেরহাট, বান্দরবন, বরগুনা, বরিশাল, ভোলা, ফরিদপুর, গোপালগঞ্জ, যশোর, ঝালকাঠি, ঝিনাইদহ, খুলনা, কুষ্টিয়া, মাদারীপুর, মাগুড়া, মানিকগঞ্জ, নড়াইল, পটুয়াখালী, পিরোজপুর, রাজবাড়ী, সাতক্ষীরা, শরীয়তপুর, শেরপুর, |

**শর্তাবলীঃ-**

০১। **আবেদনপত্র পুরণ ও জমাদানঃ** মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মুস্তফাপুর, মাদারীপুর এর ওয়েবসাইট pbs.madaripur.gov.bd হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্ষণ-০১) ডাউনলোড পূর্বক স্বহস্তে পুরণ করে আগামী ১৬/০১/২০২২ খ্রিঃ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মুস্তফাপুর, মাদারীপুর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে আবেদনপত্র পৌছাতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। ১৬/০১/২০২২ খ্রিঃ প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৩০ (ত্রিশ) বছর। তবে মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে সর্বোচ্চ বয়স সীমা ৩২ (বত্রিশ) বছর।

০৩। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ
(ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি;
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি;
(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি;

চলমান পাতা-০২

শেখ হাসিনার উদ্যোগ
মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি
মস্তফাপুর, মাদারীপুর।
মোবাইলঃ ০১৭৬৯-৪০০০৪৫, ই-মেইল- gm.madaripurpbs@yahoo.com
ওয়েব সাইটঃ pbs.madaripur.gov.bd



(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, পৌরসভা মেয়র, সিটি কর্পোরেশনের মেয়র/ ওয়ার্ড কাউন্সিলের কর্তৃক প্রদত্ত নাগরিকত্বসনদ পত্র;
(ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার অথবা বাপবিবো/পবিস এর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
(চ) জেনারেল ম্যানেজার, মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মুস্তফাপুর, মাদারীপুর এর অনুকূলে প্রতি পদের বিপরীতে ১০০.০০ (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট অথবা ক্রসড পোষ্টাল অর্ডার সংযুক্ত করতে হবে।

০৪। আবেদন পত্রের সাথে সংযুক্ত সকল কাগজপত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও নাম পদবী সম্বলিত সীল থাকতে হবে।

০৫। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত/ বেসরকারী সংস্থার কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং আবেদনপত্র নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

০৬। নিয়োগের ক্ষেত্রে সকল ধরণের সরকারী কোটানীতি অনুসরণ করা হবে। নিয়োগকালে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানগণের ক্ষেত্রে সরকার নির্ধারিত কোটা সংরক্ষণ করা হবে। তবে সে ক্ষেত্রে আবেদনপত্রের সাথে সরকারী নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

০৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৮। ইতিপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী কারো উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই।

০৯। অত্র সমিতির বোর্ড পরিচালক/মহিলা পরিচালক/কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

১০। প্রার্থীকে বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১১। অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১২। প্রতারণামূলক ভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কোন তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সে জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না।

১৪। উল্লিখিত পদের জন্য মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান হলে খামের উপর তা সু-স্পষ্ট ভাবে উল্লেখ করতে হবে।

১৫। অসম্পূর্ণ আবেদন তথা নির্ধারিত আবেদন পত্রটি যথাযথভাবে পূরণ না করা হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যের গড়মিল পাওয়া গেলে আবেদন পত্র বাছাই প্রক্রিয়া অর্থাৎ লিখিত/ব্যবহারিক/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেই ক্ষেত্রে **"প্রযোজ্য নয়"** উল্লেখ করতে হবে।

১৬। খামের উপর প্রার্থিত পদের নাম সু-স্পষ্ট ভাবে উল্লেখ করতে হবে এবং আবেদন পত্র A4 সাইজের খামে প্রেরণ করতে হবে।

১৭। নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৮। অত্র নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে নিয়োগ প্রদানে কর্তৃপক্ষ বাধ্য নহে।

21.12.21

**(প্রকৌঃ মোঃ সাখাওয়াত হোসেন)**
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধ সহ) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃঅঃ)/ পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো)।
০৪। জেলা প্রশাসক/পুলিশ সুপার, মাদারীপুর।
০৫। একান্ত সচিব, মাননীয় চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ------------------------ পবিস-১/২/৩/৪।
০৭। ডিজিএম (সদর দপ্তর-কারিগরী)/টেকেরহাট/শিবচর/কালকিনি জোনাল অফিস, মাপবিস।
০৮। এজিএম (অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/ইএন্ডসি), মাপবিস।
০৯। এজিএম (আইটি), মাপবিস (পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১০। নোটিশ বোর্ড, মাদারীপুর পবিস।

**(প্রকৌঃ মোঃ সাখাওয়াত হোসেন)**
জেনারেল ম্যানেজার

পমাসপ ১১০-০০২
ভার্সন: ০১
অনুমোদিত:২৭-০৪-২০১৪

## মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর ডাটা এন্ট্রি অপারেটর পদে নিয়োগ/প্যানেল তৈরির আবেদন।
(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

জেনারেল ম্যানেজার
মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি
মস্তফাপুর, মাদারীপুর।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং- ............................................................................ ......................................

২. আবেদনকৃত পদের নাম

৩. পদের ধরন
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

................................................................... .....................................

৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নামঃ

৫. প্রকাশনার তারিখঃ

............................................... ....................................... .......................................

৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) (বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

৭. জন্ম তারিখঃ (সনদ/নিবন্ধন অনুযায়ী)

............................................... ...................................(দিন/মাস/বছর)

৮. মাতার নাম

৯. বয়স (------------------ খ্রি. তারিখে)

............................................... ...............................................

১০. পিতার নাম

১১. ধর্ম

............................................... ...............................................

১২. জাতীয়তা

১৩. নিজ জেলা

...............................................

১৪. টেলিফোন/মোবাইল নম্বর

১৫. বৈবাহিক অবস্থা টিক (√) দিন ☐ বিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন )

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা ☐ এতিম ও শারীরিক প্রতিবন্ধি

☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানাঃ

................................ ................................ ................................ ................................

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা / থানা ঘ. জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র / নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

................................ ................................ ................................ ................................

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা / থানা ঘ. জেলা

............................................... ............................................... ...........................

১৯. ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার নম্বর ২০. ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার এর মূল্য ২১. ইস্যুর তারিখ

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরন করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ / বিভাগ/শ্রেণী | | সার্টিফিকেট/ ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/ গ্রেড | |
| --------------শ্রেণী | | | | |
| এসএসসি/দাখিল সমমান | | | | |
| এইচএসসি/ফাজিল সমমান | | | | |
| স্নাতক | | | | |

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে) ঃ

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/ পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/ মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ০১। |
| ০২। |

২৬. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে) ঃ

| কর্মরত পবিস এর নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কি না (হাঁ/না) জবাব হাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘুদন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করছে তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্র কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমানিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হব এবং আমার বিরুদ্ধে বাপবিবো কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকব। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় স্বাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদ এর ০২ (দুই) সেট অবিকল প্রতিলিপি ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পূর্বক সরবরাহ করতে এবং মূল সনদ সমুহ প্রদর্শন করতে বাধ্য থাকবো।

............................................ ......................................................

তারিখ আবেদনকারীর স্বাক্ষর

বিঃদ্রঃ সরকারী/ আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি
মুস্তফাপুর, মাদারীপুর।

আলোর দিশারী

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে ষ্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে

লিখিত (এমসিকিউ / লিখিত (রচনামূলক) / মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

# প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর ঃ ......................................................................

পরীক্ষার তারিখ ঃ ......................................................................

পরীক্ষার সময় ঃ ......................................................................

পরীক্ষা কেন্দ্রের নাম ঃ ......................................................................

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা ঃ ......................................................................

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর ঃ ...................................

(প্রার্থী / আবেদনকারী কর্তৃক পূরণীয়)

**পদের নাম ঃ ..........................................................................**

প্রার্থীর নাম ঃ ..........................................................................

প্রার্থী যে ঠিকানায় প্রবেশ পত্র পেতে ইচ্ছুক ঃ..........................................................

..........................................................................

..........................................................................

..........................................................................

..........................................................................

## প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশাবলী

০১। পরীক্ষার দিন অবশ্যই প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশ পত্র ছাড়া পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেয়া হবে না।

০২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০.০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/ কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

০৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

০৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বই পত্র লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা জানা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

০৫। চাকুরীর আবেদন পত্রের সঙ্গে মিল রেখে হাজিরা তালিকা, উত্তর পত্র এবং অন্যান্য কাগজ পত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

০৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

০৭। উল্লিখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরূপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্রবিশেষে পরিদর্শক গোপনীয় ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজন বোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

----------------------------------